

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ১১-১২-২০১৯ তারিখ সকাল ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী  
উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল এম মোজ্জাম্মেল হক, বিএন, চেয়ারম্যান।  
তারিখ : ১১-১২-২০১৯ খ্রিঃ।  
সময় : ১২.০০ ঘটিকা।  
স্থান : মবক'র সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ০৯-০৯-২০১৯ তারিখ অনুষ্ঠিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপন প্রসঙ্গে।	ক) মুজিব বর্ষ পালনের জন্য আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় র্যালির মাধ্যমে অনুষ্ঠান শুরু করতে হবে। র্যালি শেষে মবক'র সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী, পিআরএল ভুক্ত মুক্তিযোদ্ধাসহ স্কুলের সকল শিক্ষক ও ছাত্র-ছাত্রীবৃন্দ শেডের ভিতরে উপস্থিত হয়ে আলোচনা সভায় অংশগ্রহণ করবেন। উক্ত অনুষ্ঠানে আলোচনার পর বঙ্গবন্ধু সম্পর্কে ভিডিও প্রদর্শনসহ দেশাত্মবোধক গানের আয়োজন করতে হবে। আলোচনা শেষে জোহর বাদ বিশেষ মোনাজাত/দোয়া মাহফিলে অংশগ্রহণ করতে হবে। খ) নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থা হতে সরকারি প্রেসে প্রকাশিত ডায়রি, ক্যালেন্ডারসহ সংগ্রহকৃত সকল ধরণের স্টেশনারি সামগ্রিতে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর লোগো ব্যবহার নিশ্চিত করতে হবে।	ক) আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ থেকে বছর ব্যাপী সরকারি সিদ্ধান্ত অনুযায়ী মবকতে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী পালন করতে হবে। খ) মবক হতে প্রণীত ডায়রি, ক্যালেন্ডারসহ সংগ্রহকৃত সকল ধরণের স্টেশনারি সামগ্রিতে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর লোগো ব্যবহার করা হবে।	সদস্য (হাঃওমেঃ), পরিচালক (প্রশাসন) ও সচিব (বোঃজস)
২.	বঙ্গবন্ধুর মুর্যাল তৈরি।	মবক'র জেটির মেইন গেইট এর মাঝখানে মোজাইক পাথর দ্বারা বঙ্গবন্ধুর মুর্যাল তৈরির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	মোজাইক পাথর দ্বারা বঙ্গবন্ধুর মুর্যাল তৈরির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সদস্য (প্রঃ ও উঃ) এবং প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ)
৩.	বঙ্গবন্ধু ও নদীমাতৃক বাংলাদেশ এবং বঙ্গবন্ধু ও সুনীল অর্থনীতির বিষয়ে দুটি সেমিনার।	১৮-০৩-২০২০ বা ১৯-০৩-২০২০ তারিখ ০১ দিন ব্যাপি দুটি সেমিনার আয়োজন করার বিষয়ে আলোচনা হয় এবং মবক'র দুটি বিদ্যালয়ের ওয়ালে বঙ্গবন্ধু ও মুক্তিযোদ্ধা বিষয়ক আলোকচিত্র অংকনের ব্যবস্থা করতে হবে।	০১ দিন ব্যাপি দুটি সেমিনারের আয়োজন এবং মবক'র দুটি বিদ্যালয়ের (মোংলা-খুলনা) দেয়ালে বঙ্গবন্ধু ও মুক্তিযোদ্ধাদের আলোকচিত্র অংকন করতে হবে।	পরিচালক (প্রশাসন), হারবার মাস্টার ও প্রধান শিক্ষক, মোংলা/খুলনা।
৪.	মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদান।	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ১৭ মার্চ ২০২০ হতে মুক্তিযোদ্ধাদের জন্য বন্দর হাসপাতাল মোংলা/খুলনাতে বিনামূল্যে চিকিৎসা প্রদান বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	মুক্তিযোদ্ধাদের জন্য বন্দর হাসপাতাল মোংলা/খুলনাতে বিনামূল্যে চিকিৎসা প্রদান করতে হবে।	প্রধান চিকিৎসা কর্মকর্তা, মোংলা/খুলনা।
৫.	শোক দিবসে বিভিন্ন কর্মসূচি গ্রহণ।	মবকতে ১৫ আগস্ট, ২০২০ তারিখ জাতীয় শোক দিবসে বিভিন্ন কর্মসূচি গ্রহণ, অন্যান্য বছরের ন্যায় মবক'র সকল ধর্মীয় প্রতিষ্ঠানে দোয়া মাহফিলের আয়োজনসহ উক্ত দিনে শোক র্যালি আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	১৫ আগস্ট, ২০২০ তারিখ জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা, মবক'র ধর্মীয় প্রতিষ্ঠানে দোয়া মাহফিল / প্রার্থনা ও শোক র্যালির আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন), সচিব (বোঃজস), প্রধান শিক্ষক (মোংলা/খুলনা), অফিসার্স এ্যাসোসিয়েশন ও সভাপতি/সাধারণ সম্পাদক, সিবিএ, মবক।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৬.	বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস ১০ জানুয়ারি ২০২১।	বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালনের জন্য ১০ জানুয়ারি ২০২১ এ অনুষ্ঠানের আয়োজন করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালনের জন্য ১০ জানুয়ারি ২০২১ এ সরকারি নির্দেশনা অনুযায়ী মবকতে অনুষ্ঠানের আয়োজন করতে হবে।	সদস্য (হাঃ ও মেঃ), পরিচালক (প্রশাসন) ও সচিব (বোওজস)
৭.	৭ মার্চ ২০২০ উদযাপনে বিভিন্ন কর্মসূচী গ্রহণ।	জাতীয় কর্মসূচীর পাশাপাশি পোর্ট মাধ্যমিক বিদ্যালয়, খুলনায় ক্ষুদে বঙ্গবন্ধুর ভাষণ উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।	৭ই মার্চ উদযাপন উপলক্ষে পোর্ট মাধ্যমিক বিদ্যালয়, খুলনায় ক্ষুদে বঙ্গবন্ধুর ভাষণ উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া জাতীয় কর্মসূচীর আলোকে মবক এ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন), সচিব (বোওজস) এবং প্রধান শিক্ষক (মোংলা/খুলনা)
৮.	১৭ই মার্চ ২০২১ জাতীয় কর্মসূচীর আলোকে কর্মসূচী গ্রহণ।	১৭ই মার্চ ২০২১ জাতীয় কর্মসূচীর আলোকে মবকতে বিভিন্ন কর্মসূচী গ্রহণের বিষয়ে আলোচনা হয়।	জাতীয় কর্মসূচীর আলোকে মবকতে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন), সচিব (বোওজস) ও প্রধান অর্থ ও হিরক।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ৩০-১২-১৯  
রিয়ার এডমিরাল এম মোজ্জাম্মেল হক, বিএন  
চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.২৪.০০১.১৯-

ডিসেম্বর ২০১৯ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ প্রধান:

..... মবক, মোংলা।

অনুলিপি:

- ১। সদস্য ( ), মবক, মোংলা।
- ২। পরিচালক (প্রশাসন), মবক, মোংলা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

স্বাক্ষরিত/ ৩০-১২-১৯  
মোঃ গিয়াস উদ্দিন (উপসচিব)  
পরিচালক (প্রশাসন)